

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে বেবিচক'র রক্তদান কর্মসূচি পালিত

- A Monitor Desk Report

Date: 14 December, 2021



মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচির অংশ হিসাবে আজ সকাল ১০:৩০ টায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) সদর দপ্তর ভবনে দিনব্যাপী রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিতে বেবিচকের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। রক্তদান কর্মসূচিতে সার্বিক সহযোগিতা করেছে কোয়ান্টাম ফাউন্ডেশন। বেবিচকের বিভিন্ন পর্যায়ের ৫০ জন কর্মকর্তা-কর্মচারী এই কর্মসূচিতে স্বেচ্ছায় রক্তদান করেছেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান। অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মময় জীবন ও তাঁর অবদানের বিষয়টি শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। পাশাপাশি মহান স্বাধীনতা যুদ্ধে বীর মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ ও অবদানের বিষয়েও আলোকপাত করা হয়।

প্রধান অতিথি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের অংশ হিসাবে বেবিচক কর্তৃক প্রথমবারের মতো আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচিতে অংশগ্রহণ করতে পেয়ে তিনি অত্যন্ত আনন্দিত ও গর্ববোধ করছেন।

স্বাধীনতা যুদ্ধে দেশের জন্য যে সকল শহীদ রক্ত দিয়েছেন তাদের প্রতি শ্রদ্ধার নিদর্শন স্বরূপ আজকের স্বেচ্ছায় রক্তদান কর্মসূচিকে একটি প্রতিকী আয়োজন হিসাবে বেবিচক চেয়ারম্যান উল্লেখ করেন। এই ধরণের কর্মসূচি আয়োজনের ফলে রক্তদান বিষয়ে কুসংস্কার, ভয় দূর হবে ও রক্তদান বিষয়ে জন সচেতনতা গড়ে উঠবে এবং আত্মমানবতার সেবায় এটি একটি অনন্য নিদর্শন হিসাবে কাজ করবে।

অনুষ্ঠানে বেবিচকের উর্ধ্বতন কর্মকর্তাগণসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ এবং কোয়ান্টাম ফাউন্ডেশন এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

